

২০২৫

বাংলা

(সাম্মানিক)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

ষষ্ঠ সেমিস্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-4

(বাংলা ও প্রাদেশিক সাহিত্য)

[নতুন পাঠ্যক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদত্তমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) কোন জেলায় কোন নদীর কূলে প্রধানপাড়া অবস্থিত?
- খ) ছকড়ি প্রধানের দোকানে কী কী পাওয়া যায়?
- গ) রঘু কিভাবে মারা যায়?
- ঘ) 'তোমার সৎমা সংসারের কাজকর্ম করেন বলে আমার মাথা কেনেন নি' — কোন গল্পে কে বলেছেন কাকে বলেছেন?
- ঙ) 'চিতোউ পিঠের পরব' কবে হয়?
- চ) সামন্ত খেলনা পাখির কী করেছিল শেষ পর্যন্ত?
- ছ) 'চোপ আদালত চলছে' নাটকটি কোন ভাষায় লেখা হয়েছিল? নাট্যকারের নাম লেখো।

(পরের পাতায়)

- জ) নকল আদালতে কোন বইতে হাত রেখে সকলে শপথ নেয়? এর তাৎপর্য কী?
- ঝ) 'ঈশ্বর সাক্ষী, রোকড়ে আসামীকে চড় মারেনি', — প্রকৃতপক্ষে কী ঘটেছিল?
- ঞ) দেশ বিভাগের পর দু দেশের সরকার বন্দী পাগলদের কী করে?
- ট) 'ভেন্ন' গল্পের ভোলা ও পান্নার পরিচয় দাও।
- ঠ) 'পালোয়ানের ঢোলক' গল্পে কোন স্থানের উল্লেখ পাওয়া যায়? কোন কোন পালোয়ান লড়াই করেছিলেন?
- ড) পালোয়ানের গ্রাম কি কারণে হারখার হয়ে গেল?
- ঢ) জঞ্জাল বুড়ো কতদিন হাসপাতালে ছিলেন? তার কী রোগ হয়েছিল?
- ণ) 'জঞ্জাল বুড়ো' গল্পের শেষে জঞ্জাল বুড়োর কী পরিবর্তন হয়েছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) 'ছোট বউ নাক তুলে বলল, "আমার কি নতুন কাপড় হবে গা, আমার কি বিয়ে, না দ্বিরাগমন?" — ছোট বউ এর পরিচয় দাও। কার বিয়ে ছিল? তিনি কী কী উপহার পেয়েছিলেন? $২+১+২$
- খ) হাসপাতাল থেকে ছাড়া পেয়ে জঞ্জালবুড়োর কী অবস্থা হয়েছিল?
- গ) 'চুপ আদালত চলছে' নাটকে পঙ্কজের সাক্ষ্যদান কিভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে?
- ঘ) একই সঙ্গে আসামীপক্ষ ও সরকারী পক্ষের উকিল কে হয়েছিল? তার চরিত্র বিশ্লেষণ করো।

- ঙ) বিশান সিং ও তার বন্ধু ফজলুদ্দীনের কী কথোপকথন হয়?
- চ) 'মাটির মানুষ' উপন্যাসের উপসংহারটি ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) 'সব মানুষের ভিতরে এমনি পরশ-পাথর আছে, ছোঁয়াতে পারলে সব লোহা তাতে সোনা হয়ে যায়' — কার লেখা কোন উপন্যাসে, কোন প্রসঙ্গে কথাটি বলা হয়েছে? বিস্তারিত ব্যাখ্যা করো। $১+২+৭$
- খ) লুটন সিং কিভাবে অনন্যসাধারণ মানুষ হয়ে ওঠে, বিস্তারিত ব্যাখ্যা করো।
- গ) মুলিয়া চরিত্রের বহুমাত্রিকতা সম্পর্কে আলোচনা করো।
- ঘ) মিস লীলা বেনারে চরিত্রটি বিশ্লেষণ করো। নাটকের শেষে নাট্যকার কী ইঙ্গিত দিয়েছিলেন? $৮+২$